

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৫২. রাসূল (সা.) কে নিজের জীবন থেকেও বেশি না ভালোবাসা

আদুল্লাহ্ বিনৃ হিশাম (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

كُنَّا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ آخِذٌ بِيَدِ عُمَرَ بْنِ الْخَطَّابِ ، فَقَالَ لَهُ عُمَرُ : يَا رَسُوْلَ اللهِ! لأَنْتَ أَحَبُّ إِلَيْ مِنْ كُلِّ شَيْءٍ إِلاَّ مِنْ نَفْسِيْ بِيَدِهِ حَتَّى أَكُوْنَ أَحَبُّ إِلَيْكَ إِلَيْ مِنْ كُلِّ شَيْءٍ إِلاَّ مِنْ نَفْسِيْ بِيَدِهِ حَتَّى أَكُوْنَ أَحَبُّ إِلَيْكَ مِنْ نَفْسِكَ ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : الآنَ مِنْ نَفْسِكَ ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : الآنَ عَمْرُ : فَإِنَّهُ الآنَ ، وَاللهِ لأَنْتَ أَحبُّ إِلَيَّ مِنْ نَفْسِيْ ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : الآنَ يَا عُمَرُ : فَإِنَّهُ الآنَ ، وَاللهِ لأَنْتَ أَحبُ إِلَيَّ مِنْ نَفْسِيْ ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : الآنَ يَا عُمَرُ

"আমরা একদা নবী (সা.) এর সাথে ছিলাম। তখন তাঁর হাতে ছিলো 'উমর (রা.) এর হাত। আর তখনই 'উমর (রা.) রাসূল (সা.) কে বললেন: হে আল্লাহ্'র রাসূল! আপনি আমার নিকট দুনিয়ার সব কিছুর চেয়ে অধিক প্রিয়। তবে আমার জীবন চেয়ে নয়। তখন নবী (সা.) বললেন: সে সত্তার কসম যাঁর হাতে আমার জীবন! তুমি পরিপূর্ণ ঈমানদার হতে পারবে না যতক্ষণ না আমি তোমার নিকট তোমার জীবন চেয়েও অধিক প্রিয় না হই। তখন 'উমর (রা.) কিছুক্ষণ বুঝেশুনে বললেনঃ আল্লাহ্'র কসম! এখন আপনি আমার নিকট আমার জীবন চেয়েও অধিক প্রিয়। তখন নবী (সা.) বললেনঃ এখন তুমি পরিপূর্ণ ইমানদার হতে পারলে হে 'উমর![1]

তেমনিভাবে রাসূল (সা.) কে নিজ মাতা-পিতা, ছেলে-সন্তান এমনকি সকল মানুষ থেকেও বেশি ভালোবাসতে হবে। তা না হলে পরিপূর্ণ ঈমানদার হওয়া যাবে না"।

আবু হুরাইরাহ্ ও আনাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তাঁরা বলেন: রাসুল (সা.) ইরশাদ করেন:

فَوَالَّذِيْ نَفْسِيْ بِيَدِهِ لاَ يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّى أَكُونَ أَحَبَّ إِلَيْهِ مِنْ وَالِدِهِ وَوَلَدِهِ وَالنَّاسِ أَجْمَعِيْنَ

"সে সত্তার কসম যাঁর হাতে আমার জীবন! তোমাদের কেউ পরিপূর্ণ ঈমানদার হতে পারবে না যতক্ষণ না আমি তার নিকট তার নিজ মাতা-পিতা, ছেলে-সন্তান ও সকল মানুষ চেয়েও অধিক প্রিয় হই"।[2]

## ফুটনোট

- [1] (বুখারী, হাদীস ৬৬৩২)
- [2] (বুখারী, হাদীস ১৪,১৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11502



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন